দৈনিক ইত্তেফাক

22/12/2005

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ...৮.....

# ভার্সিটিসমূহের প্রশাসনিক কর্মকাণ্ডে প্রতিবন্ধকতা সৃষ্টি আদেশ ৭৩-এর পরিপন্থী

## —ভার্সিটি শিক্ষক সমিতি ফেডাঃ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ আরআইএম আমিনুর রশিদ ও মহাসচিব ডঃ ইফতেখার উদ্দিন এক যুক্ত বিবৃতিতে বলেছেন, জাতীয় সংসদ নির্বাচনের পর থেকে দেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কর্মকাণ্ডে যেভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হচ্ছে তা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩-এর সম্পূর্ণ পরিপন্থী। দেশে সরকার পরিবর্তনের সাথে বিশ্ববিদ্যালয়সমূহের নির্বাচিত নিয়োগপ্রাপ্ত ভিসিদের জোরপূর্বক অপসারণের যে প্রচেষ্টা পরিলক্ষিত হচ্ছে তা অত্যন্ত নিন্দনীয় ও দুঃখজনক। কোন গণতান্ত্রিক বিধি ব্যবস্থায় এরূপ আচরণ কাম্য নয়। দেশে উচ্চ শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে বিশ্ববিদ্যালয়সমূহে কোন অনভিপ্রেত হস্তক্ষেপ শিক্ষক সমাজের নিকট গ্রহণযোগ্য হবে না। বিদ্যায়তনিক স্বাধীনতা অক্ষুণ্ন রাখা বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের মহান অঙ্গীকার। বিবৃতিতে নেতৃদ্বয় সারাদেশের স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচনের পর থেকে যে প্রতিহিংসামূলক ন্যক্কারজনক ঘটনা একের পর এক ঘটে চলেছে তাতে উদ্বেগ প্রকাশ করেছেন।